তারিখ: 27 FEB 2017
পৃষ্ঠা: ৫ কলাম: ২

সংবাদ

# দুপচাঁচিয়ায় ৭০টি সর. প্রা. স্কুলের প্রধান শিক্ষক একযোগে ছুটিতে!

সংবাদদাতা, দুপচাঁচিয়া (বগুড়া)

বগুড়ার দুপচাঁচিয়া উপজেলার ৭০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হঠাৎ করেই ২৫ ফেব্রুয়ারি শনিবার স্ব স্ব বিদ্যালয়ে অনুপস্থিত রয়েছেন।

জানা যায়, ওইদিন উপজেলার ৭০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ প্রত্যেকে একযোগে একদিনের ছুটি নিয়ে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাসহ বনভোজনে গেছেন।

এ ব্যাপারে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা এমজিএম সারোয়ার হোসেনের সঙ্গে মুঠোফোনে যোগাযোগ করলে তিনি জানান, ৪১ জন প্রধান শিক্ষকসহ তিনি কুষ্টিয়া শিক্ষা সফরে গিয়েছেন।

জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা হোসেন আলীর সঙ্গে মুঠোফোনে যোগাযোগ করলে তিনি বিস্ময় প্রকাশ করে বলেন, শিক্ষকদের সংরক্ষিত ছুটি নেয়ার বিধান রয়েছে। তবে একযোগে ৭০টি প্রধান শিক্ষক ছুটি নেয়া ও কর্তৃপক্ষ কর্তৃক ছুটি প্রদান করা আইনানুগ নয়। তিনি জানান, বিষয়টি খতিয়ে দেখা হবে। উপজেলা নির্বাহী অফিসার শাহেদ পারভেজ জানান, বিষয়টি তিনি গণমাধ্যম কর্মীদের নিকট থেকে জেনেছেন। তবে একযোগে বিপুল সংখ্যক প্রধান শিক্ষক ছুটি প্রদান করা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উচিত হয়নি।

২